

রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ১১, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
[ মূসক আইন ও বিধি শাখা ]

আদেশ

তারিখ : ২০ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ/০৫ নভেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

বিষয় : মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক  
বিধিমালা, ২০১৬ মোতাবেক কাঁচামাল স্থানান্তর সংক্রান্ত ব্যাখ্যাপত্র।

সূত্র : (১) নাসির গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ লিঃ এর পত্র নং-NG/VAT/2020/51, তারিখ : ১৬ সেপ্টেম্বর,  
২০২০ খ্রিষ্টাব্দ।

(২) হাইডেলবার্গ সিমেন্ট বাংলাদেশ লিঃ এর ০১ সেপ্টেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখের পত্র।

নং ০৯/মূসক/২০২০—উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো। সূত্রোক্ত  
পত্রসমূহের মাধ্যমে এক কারখানা হতে অন্য কারখানায় কাঁচামাল স্থানান্তর বিষয়ে নির্দেশনা চাওয়া  
হয়েছে।

০২। একই মালিকানাধীন প্রতিষ্ঠানের এক কারখানা হতে অন্য কারখানায় কাঁচামাল স্থানান্তর  
ব্যবসায়িক বাস্তবতা। সুতরাং একই মালিকানাধীন প্রতিষ্ঠানের এক কারখানা হতে অন্য কারখানায়  
নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করে কাঁচামাল স্থানান্তর করা যাবে :

(ক) কোনো উৎপাদনকারী, তৎকর্তৃক আমদানিকৃত, ক্রয়কৃত, অর্জিত বা অন্য কোনোভাবে  
সংগৃহীত কাঁচামালের কোনোরূপ আকৃতি, প্রকৃতি, বৈশিষ্ট্য বা গুণগত পরিবর্তন না  
করে, তার অন্য কোনো কারখানায় কাঁচামাল হস্তান্তরের পূর্বে বিধি মোতাবেক উপকরণ-  
উৎপাদ সহগ (ফরম মূসক-৪.৩) এ ঘোষণা প্রদান করবে এবং এর ভিত্তিতে ১৫%  
(পনেরো শতাংশ) হারে মূসক পরিশোধপূর্বক মূসক-৬.৩ চালানোর মাধ্যমে কাঁচামাল  
অপসারণ করবে;

(১১৫৪১)

মূল্য : টাকা ৪.০০

- (খ) কাঁচামাল সরবরাহ গ্রহণকারী কারখানার ক্রয় হিসাব পুস্তক (ফরম মূসক-৬.১) এ উক্ত কাঁচামাল বিধি মোতাবেক অন্তর্ভুক্ত করবে;
- (গ) কাঁচামাল সরবরাহ গ্রহণকারী মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা-৪৬ পরিপালন সাপেক্ষে পরিশোধিত মূল্য সংযোজন কর রেয়াত গ্রহণ করতে পারবে।

০৩। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে এ ব্যাখ্যাপত্র জারি করা হলো।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

কাজী রেজাউল হাসান  
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)।